



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
শিক্ষা ভবন, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ৪০

তারিখ: ২৮/০৩/২০২১খ্রি:

বিষয়: মাল্টিমিডিয়া ক্লাশ রুমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা এবং বিষয় শিক্ষক কর্তৃক গৃহীত ক্লাস এমএমসি (MMC) ড্যাশবোর্ডে এন্ট্রি নিশ্চিতকরণ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতিতে দেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারি ও বেসরকারি) শ্রেণি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হলেও অনলাইনে গৃহীত ক্লাসের তথ্য যথাযথভাবে ড্যাশবোর্ডে এন্ট্রি করা হচ্ছে না। বিগত ২৮/০২/২০২১ খ্রি. তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক ৮ম সভার ক্রমিক-১ এর সিদ্ধান্ত মোতাবেক আগামীতে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম শুরুর সাথে সাথে মাল্টিমিডিয়া ক্লাশ রুমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং তা যথাযথভাবে ড্যাশবোর্ডে এন্ট্রি করতে হবে।

এমতাবস্থায়, আগামীতে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম শুরুর সাথে সাথে মাল্টিমিডিয়া ক্লাশ রুমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা এবং সরাসরি মাল্টিমিডিয়া ক্লাসের তথ্য এমএমসি (MMC) অ্যাপ এর মাধ্যমে (<http://mmcm.gov.bd>) ড্যাশবোর্ডে এন্ট্রি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্বাভাবিক শ্রেণি কার্যক্রম শুরুর পূর্ব পর্যন্ত অনলাইনে গৃহীত শ্রেণি কার্যক্রমের তথ্য নিয়মিত এমএমসি (MMC) ড্যাশবোর্ডে এন্ট্রি করতে হবে।

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

১. আঞ্চলিক পরিচালক (সকল অঞ্চল)
২. উপ-পরিচালক (সকল অঞ্চল)
৩. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ৪০

তারিখ: ২৮/০৩/২০২১খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কেলেজ ও প্রশাসন/মাধ্যমিক/এমইডব্লিউ), মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। অধ্যক্ষ (সরকারি ও বেসরকারি সকল).....
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৪। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (নির্দেশনা পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। প্রধান শিক্ষক(সকল).....
- ৮। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৯। সংরক্ষণ নথি।

(মোহছেনা বেগম)

সহকারী পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং

ফোন: ৯৫৭৪১০৬